

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২৮

১/ বিবিধ

আরবী

يا فاطمة! قومي إلى أضحيتك فاشهديها، فإنه يغفر لك عند أول قطرة من دمها كل  
 ذنب عملتيه، وقولي: (قل إن صلاتي ونسكي ومحياي ومماتي لله رب العالمين لا  
 شريك له وبذلك أمرت وأنا من المسلمين) . قال عمران بن حصين: قلت: يا رسول  
 الله! هذا لك ولأهل بيتك خاصة وأهل ذاك أنتم – أم للمسلمين عامة؟ قال: لا، بل  
 للمسلمين عامة  
 منكر

أخرجه الحاكم (4 / 222) من طريق النضر بن إسماعيل البجلي: حدثنا أبو حمزة  
 الثمالي عن سعيد بن جبير عن عمران بن حصين مرفوعا. وقال: " صحيح الإسناد!"  
 فردّه الذهبي بقوله: " قلت: بل أبو حمزة ضعيف جدا، و [ابن] إسماعيل ليس بذاك  
 ومن طريق أبي حمزة واسمه ثابت بن أبي صفية رواه الطبراني في " الكبير " و  
 الأوسط " كما في " المجمع " (4 / 17)  
 ثم ساق له الحاكم شاهدا من طريق عطية عن أبي سعيد الخدري مرفوعا دون قوله: "  
 وقولي.... " وجعل: " قلت: يا رسول الله هذا لك ... " من قول فاطمة، وردّه الذهبي  
 أيضا بقوله: " قلت: عطية واه  
 ومن طريقه رواه البزاز وأبو الشيخ ابن حبان في " كتاب الضحايا " كما في "  
 الترغيب " (2 / 102) وقال ابن أبي حاتم في " العلل " (2 / 38 – 39) : " سمعت أبي  
 يقول: هو حديث منكر

ورواه أبو قاسم الأصبهاني عن علي نحوه كما في " الترغيب ". وقال: " وقد حسن بعض مشايخنا حديث علي هذا، والله أعلم

বাংলা

৫২৮। হে ফাতেমা! তোমার কুরবানীর নিকটে যাও এবং তা অবলোকন কর। কারণ তুমি যে সব গুনাহ করেছ তার রক্তের প্রথম ফোটা নির্গত হওয়ার সময়েই তোমাকে ক্ষমা করে দেয়া হবে। আর বলঃ "আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন এবং আমার মৃত্যু সারা জাহানের প্রতিপালক আল্লাহর জন্যে যার কোন শরীক নেই, এর জন্যেই আমাকে নির্দেশ দেয়া হয়েছে আর আমি মুসলিমদের দল ভুক্ত"।

ইমরান ইবনু হুসাইন বলেন, আমি বললামঃ হে আল্লাহর রাসূল। এটি আপনার, আপনার পরিবার এবং আপনাদের পরিবারের জন্য খাস নাকি আমভাবে সকল মুসলিমের জন্য? তিনি বললেনঃ না, আমভাবে সকল মুসলিমদের জন্য।

হাদীছটি মুনকার।

এটি হাকিম নযর ইবনু ইসমাঈল আল-বাজালী সূত্রে আবু হামযা ছুমালী হতে ... ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করে বলেছেনঃ সনদটি সহীহ! হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বরং আবু হামযা খুবই দুর্বল, আর ইবনু ইসমাঈল সেরূপ নয়।

আবু হামযা (ছাবেত ইবনু আবী সুফিয়া) সূত্রে তাবারানী "আল-কাবীর" এবং "আল-আওসাত" গ্রন্থে বর্ণনা করেছেন যেমনটি "আল-মাজমা" (৪/১৭) গ্রন্থে এসেছে। হাকিম তার একটি শাহেদ আবু সাঈদ খুদরী (রাঃ) হতে মারফু হিসাবে উল্লেখ করেছেন। তবে ভাষায় কিছুটা ভিন্নতা রয়েছে। হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ আতিয়াহ দুর্বল। তার সূত্রেই বাযযার এবং আবুশ শাইখ ইবনু হাইয়ান "কিতাবুয যহায়া" গ্রন্থে বর্ণনা করেছেন যে রূপভাবে "আত-তারগীব" (২/১০২) গ্রন্থে এসেছে। ইবনু আবী হাতিম "আল-ইলাল" (২/৩৮-৩৯) গ্রন্থে বলেছেনঃ আমি আমার পিতাকে বলতে শুনেছিঃ উক্ত হাদীছটি মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71407>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন